ফাতওয়া নাম্বার: ৫৯১ প্রকাশকালঃ০৩-০৭-২০২৫ ইং

স্বামী-স্ত্রী উভয়ের আগের ঘরের সন্তানদের মাঝে বিয়ের বিধান

প্রশ্ন:

একজন পুরুষের আগের ঘরের এক ছেলে আছে। তিনি বিয়ে করলেন এমন এক নারীকে, যার আগের ঘরে একটি মেয়ে আছে। এখন প্রশ্ন হলো–এই ছেলে-মেয়ের মাঝে বিয়ে কি শরিয়তসম্মত হবে?

-আব্দুর রাযযাক মিয়া

উত্তর:

হাঁ, এই ছেলে ও মেয়ের পরস্পরে যদি দুধ সম্পর্ক না হয়ে থাকে, তাহলে এদের বিয়ে জায়েয। বরং এমন ছেলে মেয়ে যদি একই পরিবারে অবস্থান করে, সে ক্ষেত্রে তাদের বিয়ে দিয়ে দেয়া ফিতনামুক্ত থাকার জন্য সহায়ক। কারণ সমাজে তাদেরকে অনেকটা আপন ভাই বোনের মতো মনে করা হয় এবং তাদের অবস্থানও অনেক কাছাকাছি থাকে, অথচ শরীয়তের দৃষ্টিতে তাদের

পরস্পর দেখা সাক্ষাত হারাম এবং পর্দা করা ফরয। - আল-বাহরুর রায়েক: ৩/১০০; রদ্দুল মুহতার: ৩/৩১।

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০৭-০১-১৪৪৭ হি.

০৩-০৭-২০২৫ ঈ.